

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
প্রশাসন-০১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মোতাবেক ২য় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ০১/১২/২০২২ খ্রি. তারিখে পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব কে এম আলী রেজা  
যুগ্মসচিব (উন্নয়ন-ক্রীড়া সংক্রান্ত প্রকল্প) ও সেবা প্রদান প্রতিশ্রুতি  
সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ কমিটির  
সভাপতি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।  
তারিখ : ০১ ডিসেম্বর ২০২২ খ্রি.  
সময় : সকাল ১০.০০ টা  
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।  
উপস্থিতি : পরিশিষ্ট ক।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ জানান। সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সেবা গ্রহীতা যাতে নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্ক্ষিত সেবা সহজে পায় সে লক্ষ্যে বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির আলোকে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা হতে সেবা প্রদান করা হচ্ছে কিনা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ আছে কিনা তা পরিবীক্ষণ করা হয়। এছাড়া মন্ত্রণালয়ের অধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে সঠিকভাবে বাস্তবায়িত হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করা হয়। অতঃপর পরিবীক্ষণ কমিটি কর্তৃক এ মন্ত্রণালয়ের নিম্নোক্ত সেবাটি পরিবীক্ষণ করা হয়:

(ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণকালে দেখা যায় যে, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির সেবা বক্স সঠিক ক্রমে আপলোড না থাকায় সেবা বক্স সঠিক ক্রমে আপলোড করতে হবে।

(খ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিতে নাগরিক সেবা, দাপ্তরিক সেবা এবং অভ্যন্তরীণ সেবা প্রাপ্তির নিমিত্ত যেসকল ক্ষেত্রে আবেদন প্রয়োজন সে সকল ক্ষেত্রে আবেদন ফরমের লিংক যুক্ত করতে হবে।

(গ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য জনাব শামীমা আকতার শারীরিক অসুস্থতার কারণে চিকিৎসাধীন থাকায় এ মন্ত্রণালয়ের পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করতে হবে।

(ঘ) বার্ষিক কর্মপরিকল্পনার অংশ হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর ২.২ ক্রমিকের নির্দেশনার আলোকে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা করতে হবে।

(ঙ) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিতে নাগরিক সেবা, দাপ্তরিক সেবা, অভ্যন্তরীণ সেবায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন, মোবাইল, ই-মেইল নম্বরসহ সেবা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি সংশোধন/সংযোজনপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতিটি হালনাগাদ করতে হবে।

চলমান পাতা-০২

৫(চ) মন্ত্রণালয়ের ন্যায় দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার তথ্যাদিও হালনাগাদ করতে হবে।

০৩। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

০১/১২/২০২২

(কে এম আলী রেজা)

যুগ্মসচিব (উন্নয়ন-ক্রীড়া সংক্রান্ত)

ও

সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল

পয়েন্ট কর্মকর্তা এবং পরিবীক্ষণ

কমিটির সভাপতি


যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০৫৭.২২.১৫২৯

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৯  
০১ ডিসেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃ:আ: উপসচিব, সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা)
২. মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৫. সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
৮. মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, সাভার, ঢাকা।
৯. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
১২. উপসচিব (বাজেট ও এপিএ সংক্রান্ত ফোকাল পয়েন্ট), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৫. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।

  
(দীপ্তিময়ী জামান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫৫৫০৫

ই-মেইল: [sas.admin1@moysports.gov.bd](mailto:sas.admin1@moysports.gov.bd)